দৈনিক সংবাদ

JUN 1 2002

তারিখ ...
পৃষ্ঠা ১২ কলাম ৪

## কলেজ শিক্ষার বেহাল অবস্থা

# বছরে নয় মাস ক্লাস করার সুযোগ পায় না ছাত্ররা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ১ হাজার ৩শ' কলেজের প্রায় ৬ লাখ ছাত্র বছরে ৯ মাস ক্লাস করতে পারে না। নির্ধারিত ও আকস্মিক কারণে কলেজে বন্ধ থাকায় এমনটি হচ্ছে।

কলেজগুলো বছরে ২শ' ৭৭ দিন বন্ধ থাকে। এর মধ্যে সাপ্তাহিক ছুটি ৫২ দিন, সরকারি ছুটি ৮৫ দিন এবং কলেজগুলোতে বিভিন্ন ধরনের পরীক্ষা হওয়ার কারণে ১শ' ৪০ দিন বন্ধ থাকে। ইউএনবি।

বিশ্ববিদ্যালয়ের সম্মান ১ম, ২য় ও ৩য় পর্ব, ডিগ্রি, প্রিলিমিনারি ও মাস্টার্স ডিগ্রি পরীক্ষা ছাড়াও এইচএসসি এবং বিএড পরীক্ষা ও সরকারি চাকরির বিভিন্ন পরীক্ষার কারণে কলেজে ক্লাস হয় না।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক কর্মকর্তা বলেছেন, ছাত্ররা বছরে ৮৮ বা এরও কম দিন ক্লাস করার সুযোগ পায়। হরতাল ও ছাত্র ধর্মঘটের কারণে অনেক সময় কলেজের কার্যক্রম ব্যাহত হয়।

পাঠ কার্যক্রম ব্যাহত হওয়ার অন্য কারণগুলোর মধ্যে কলেজে শ্রেণীকক্ষের অভাব ও শিক্ষক স্বল্পতা উল্লেখযোগ্য। ফরিদপুর রাজেন্দ্র কলেজের ইসলামী শিক্ষা বিভাগে একজনও শিক্ষক নেই। আরও কিছু কলেজে বিভিন্ন বিভাগে একজনও শিক্ষক না থাকতে দেখা গেছে।